

ঝুঁঝুঁত্য

‘গণহারে ফেল করানো’

নীলক্ষেত্র সড়কে ৭ কলেজ শিক্ষার্থীদের অবরোধ

প্রকাশ : ১৭ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রণ

 ঢাবি প্রতিনিধি

গণহারে ফেল করানোর অভিযোগ এনে রাজধানীর নীলক্ষেত্র মোড় অবরোধ করে বিক্ষেপ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের শিক্ষার্থীরা। তাদের দাবি, ভালো পরীক্ষা দিলেও তাদের গণহারে ফেল করানো হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে নীলক্ষেত্র মোড়ে অবস্থান নেন কলেজগুলোর ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থীরা। এর ফলে নিউমার্কেট এলাকায় যান চলাচল বন্ধ হয়ে যায়। সৃষ্টি হয় তীব্র যানজটের। দুর্ভোগে পড়েন যাত্রীরা। পরে প্রশাসনের আশ্বাসে কর্মসূচি থেকে সরে যান শিক্ষার্থীরা।

অবরোধ কর্মসূচি থেকে পাঁচ দফা দাবি তুলে ধরা হয়। সেগুলো হল- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব নোটিশ স্পষ্টভাবে দেয়া ও কলেজগুলোতে পৌঁছানো, খাতার মূল্যায়ন সাত কলেজের শিক্ষকদের দিয়ে করানো, পয়েন্ট নীতি বাতিল করে ইমপ্রুভ সিস্টেম চালু করা, খাতার পুনর্মূল্যায়ন ও ইনকোর্স রেজাল্ট প্রকাশ করে দেখানো।

শিক্ষার্থীরা বলেন, দাবি না মানলে আমাদের কর্মসূচি চালিয়ে যাব। এক শিক্ষার্থী বলেন, ‘অধিভুক্তির পর থেকে সবকিছুর জন্যই বারবার আন্দোলন করা লাগছে। আমরা কি পড়াশোনা করতে আসছি নাকি আন্দোলন করতে আসছি?’

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের অধ্যাপক ড. একেএম গোলাম রাববানী বলেন, ‘ছাত্রদের একটি প্রতিনিধি দল আমার কাছে এসেছিল। তাদের কিছু দাবি ও অনুরোধ ছিল। সেগুলো শুনেছি। যথাযথ কর্তৃপক্ষের কাছে বিষয়গুলো পোঁছে দেয়া হবে।’

এদিকে ইডেন কলেজের অর্থনীতি বিভাগের ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থীরা ডিপার্টমেন্টে তালা দিয়ে ক্লাস, ইনকোর্স পরীক্ষা বর্জন করেছেন। তাদের অভিযোগ, ভালো পরীক্ষা দিয়েও গণহারে ফেল করেছেন তারা। ইডেন মহিলা কলেজের ২০১৭-১৮ সেশনের শিক্ষার্থী মরিয়ম আকতার বলেন, ‘স্বাধীন বাংলাদেশের অভূদয়ের ইতিহাস একটি সহজ সাবজেক্ট। এ বিষয়ে গণহারে ফেল মেনে নেয়া যায় না। আর সিজিপিএ ২-এর কম পেলে নট প্রমোটেড- এ বিষয়ে আগে থেকে আমাদের

কিছুই জানানো হয়নি। আমরা এর সমাধান চাই।’

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।